


Use: Protective device হিসাবে ব্যবহৃত হয়।

**Miniature Circuit Breaker [MCB] :-**

**Definition:** MCB হল এক প্রকার protective device যা short circuit, over load বা কোনো রূপ fault-এর হাত থেকে electrical electronics equipment-কে রক্ষা করে।  
ইহার সুবিধা এই যে, ইহা fuse-এর মত পুড়ে বা গলে গিয়ে circuit-কে বিচ্ছিন্ন না করে, trip হয়ে circuit-কে বিচ্ছিন্ন করে দেয়।

**Specification:** ইহার specification হল- current rating এবং pole সংখ্যা।

## Classification:



**Use:** Protective device হিসাবে domestic, industrial এবং panel wiring-এ ব্যবহৃত হয়।

## -: Moulded Case Circuit Breaker [MCCB] :-

**Definition:** MCCB হল industry-তে ব্যবহৃত thermal system বিশিষ্ট এক প্রকার protective device যা কোনো রকম fault-এর হাত থেকে machine-কে রক্ষা করে।

ইহা 240 V ও 415 V এবং 100 A থেকে 1200 A load-এ কাজ করতে পারে।

**Specification:** ইহার specification হল current rating.

**Use:** Protective device হিসাবে industry-তে ব্যবহৃত হয়।



## -: Residual Current Circuit Breaker [RCCB] :-

**Definition:** RCCB হল electromagnetic tripping relay বিশিষ্ট protective device যা overload, short circuit, electric shock সহ যে কোনো বিপদের হাত থেকে আমাদের এবং circuit-কে নিরাপত্তা প্রদান করে।

ইহা বিভিন্ন rating-এর হয় এবং highly sensitive.

**Specification:** ইহার specification হল current rating এবং voltage rating.

**Use:** বর্তমান যুগে safety device হিসাবে domestic এবং industry-তে ব্যবহৃত হচ্ছে।



## -: Earth Leakage Circuit Breaker [ELCB] :-

**Definition:** ELCB একপ্রকার electromechanical device যা earth leakage current-কে সনাক্ত করে এবং electric shock থেকে আমাদের রক্ষা করে।

**Specification:** ইহার specification হল current rating এবং voltage rating.

**Use:** Earth fault-কে খুঁজে পেতে সাহায্য করে।

